



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক অধিদপ্তর

ডাক ভবন, ঢাকা-১০০০।

Website: [www.bdpost.gov.bd](http://www.bdpost.gov.bd)



নথি নং: ১৪.৩১.০০০০.০৫০.০১৪.০১২.১৯


তারিখঃ ১৮-১১-২০২০ খ্রিস্টাব্দ

## পুনঃনিলাম দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নলিখিত বিদ্যমান পুরাতন ভবনগুলো (পার্শ্বের বর্ণনামতে) জরুরী ভিত্তিতে বিক্রয়ের জন্য ঠিকাদার/নিলাম ডাককারী প্রতিষ্ঠান/আগ্রহী ব্যক্তির নিকট হতে সীলমোহরকৃত দরপত্রাব আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	ভবনের নাম	কমিটি কর্তৃক প্রস্তাবিত নিলাম মূল্য	নিলামকারী কর্তৃক প্রস্তাবিত উদ্ধৃত দর	বায়নার মূল্য	কার্য সম্পাদন সময়সীমা
১.	মতিঝিল পোস্টাল কলোনীর ই-১ নং ভবন	৩,৩০,৪৫০.৩৭ টাকা			৬০ (ষাট) দিন
২.	মতিঝিল পোস্টাল কলোনীর ই-২ নং ভবন	২,১২,৫৪৫.৬০ টাকা			৬০ (ষাট) দিন
৩.	মতিঝিল পোস্টাল কলোনীর এফ-১ নং ভবন	২,১৮,২০২.৩১ টাকা			৬০ (ষাট) দিন
৪.	মতিঝিল পোস্টাল কলোনীর এফ-২ নং ভবন	২,৩১,৯৯৪.৩১ টাকা			৬০ (ষাট) দিন
৫.	মতিঝিল পোস্টাল কলোনীর এফ-৩ নং ভবন	২,৩০,৮৯০.৩১ টাকা			৬০ (ষাট) দিন
৬.	মতিঝিল পোস্টাল কলোনীর এফ-৫ নং ভবন	২,৩৩,২৮৯.৬৮ টাকা			৬০ (ষাট) দিন
৭.	মতিঝিল পোস্টাল কলোনীর পি-৩ নং ভবন	১,৩৯,৯০৭.৫১ টাকা			৬০ (ষাট) দিন
৮.	মতিঝিল পোস্টাল কলোনীর জি-১ নং ভবন	২,১৬,৭০৭.৬৪ টাকা			৬০ (ষাট) দিন
৯.	মতিঝিল পোস্টাল কলোনীর জি-৮ নং ভবন	২,১৬,৭০৭.৬৪ টাকা			৬০ (ষাট) দিন
১০.	মতিঝিল পোস্টাল কলোনীর জি-৯ নং ভবন	২,১৬,৭০৭.৬৪ টাকা			৬০ (ষাট) দিন
১১.	মতিঝিল পোস্টাল কলোনীর জি-১৪ নং ভবন	১,৮৬,১২৯.২৯ টাকা			৬০ (ষাট) দিন
১২.	মতিঝিল পোস্টাল কলোনীর এইচ-৩ নং ভবন	১,৮৬,১২৯.২৯ টাকা			৬০ (ষাট) দিন

- ১। দরপত্র আগামী ০৩-১২-২০২০ খ্রিস্টাব্দ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে টেন্ডার বাঞ্চে সরাসরি জমা প্রদান অথবা ডাকযোগে জিইপির মাধ্যমে এবং বাংলাদেশ সচিবালয়ের প্রবেশ গেইটে (গেইট নং-২) নির্দিষ্ট টেন্ডার বাঞ্চে ফেলতে হবে এবং ঐ দিনই বেলা ২.০০ ঘটিকায় প্রকল্প পরিচালকের অফিস কক্ষে দরপত্রাবকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে। উল্লেখ্য, ডাকযোগে জিইপি সার্ভিসের মাধ্যমে প্রেরণকৃত দরপত্র আবশ্যিকভাবে ঐদিন বেলা ১১.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে পৌঁছতে হবে।
- ২। আগ্রহী দরদাতাকে অবশ্যই অংগগুলোর জন্য নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্রাব করতে হবে এবং উদ্ধৃত দরের ১৫% (শতকরা পনের ভাগ) টাকা বায়না/জামানত হিসেবে প্রকল্প পরিচালক, “ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্প, ডাক অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদানপূর্বক পে-অর্ডারের মূল কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। জামানত ব্যতীত দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। অংগগুলোর জন্য সর্বোচ্চ দরপত্রদাতাকে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি সম্পাদন করতে হবে এবং কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের সম্পূর্ণ টাকা ঢাকা জিপিওতে ইউসিআর এর মাধ্যমে জমা দিয়ে জমার মূল রশিদ অত্র দপ্তরে দাখিল করতে হবে। ভবন ভাঙ্গার আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সম্পূর্ণ ভবনগুলো ফাউন্ডেশনসহ ভেঙে সমস্ত মালামাল অপসারণ পূর্বক সাইট পরিষ্কার করে নিম্নস্বাক্ষরকারীকে বুঝিয়ে দিতে হবে এবং প্রত্যয়নপত্র নিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল অপসারণে ব্যর্থ হলে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ৩। উদ্ধৃত দরের উপর বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে।
- ৪। নিলামে অংশগ্রহণকারী ঠিকাদার/ফার্ম এর নির্মাণ/ঠিকাদারী/নিলাম ক্রয় কাজের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট এর কাগজপত্র থাকতে হবে।
- ৫। হালনাগাদ ব্যাংক সলভেন্সি (যে পরিমাণ নিলাম ক্রয়ে ইচ্ছুক সমপরিমাণ অর্থের পরিমাণ উল্লেখসহ) সার্টিফিকেট প্রদান করতে হবে।
- ৬। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(মোঃ আনজীর আহম্মদ)  
প্রকল্প পরিচালক

“ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জন্য  
আবাসিক ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্প  
ফোন:০২-৯৫৬৪৭০৯